ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ১৭তম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩১ ভাদ্র ১৪২৬, ১৫ সেপ্টেম্বর ২০১৯



ঢাবি উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ৩০ আগস্ট ২০১৯ ডাকসু'র উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে 'বঙ্গবন্ধুর সোনার বাংলার স্বপ্নই ৪র্থ শিল্প বিপ্লবের প্রেরণা' শীর্ষক এক সেমিনার উদ্বোধন করেন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার।

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে শিক্ষার্থীদের চিন্তার জগতে বিপ্লব ঘটাতে হবে- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে বিজ্ঞানমনস্ক ও উদ্যোক্তা হতে এবং চিন্তার জগতে বিপ্লব ঘটাতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, বাংলাদেশে ৪র্থ শিল্প বিপ্লবের একটি প্রধান অর্জন হচ্ছে কম্পিউটার-ইন্টারনেট সেবা তথা তথ্যপ্রযুক্তির ব্যাপক প্রসার। আমাদের এই অর্জনের পেছনে যার অবদান সবচেয়ে বেশী এবং যিনি সফলতার সাথে নেতৃত্ব দিয়ে যাচ্ছেন তিনি হচ্ছেন বঙ্গবন্ধু পরিবারের সুযোগ্য সদস্য সজীব ওয়াজেদ জয়। মানব সভ্যতার উন্নয়ন ও অগ্রগতিতে প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শিল্প বিপ্লবের প্রতিটি ধাপেই গুরুত্বপূর্ণ অবদান রয়েছে বলে উপাচার্য উল্লেখ করেন।

গত ৩০ আগস্ট ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত 'বঙ্গবন্ধুর সোনার বাংলার স্বপ্নই ৪র্থ শিল্প বিপ্লবের প্রেরণা' শীর্ষক এক সেমিনারের উদ্বোধনী ভাষণে উপাচার্য এসব কথা বলেন। ডাকসু'র বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক মো. আরিফ ইবনে আলী'র সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ইন্সস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ-এর সভাপতি ও আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রকৌশলী মো. আব্দুস সবুর, বাংলাদেশ ফিন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর প্রধান ও বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্ণর আবু হেনা মো. রাজি হাসান, ঢাবি তথ্যপ্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যাপক ড. কাজী মুহাইমিন-উস-সাকিব, অধ্যাপক মো. রশীদুল হাসান, উদ্যোক্তা সুফি ফারুক ইবনে আবুবকর এবং ডাকসু'র এজিএস মো. সাদ্দাম হোসেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আগস্ট মাস শোকের মাস এবং এই মাসে ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও বিভিন্ন হল সংসদের উদ্যোগে নানাবিধ অনুষ্ঠানের মাধ্যমে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। উপাচার্য ডাকসু ও হল সংসদের নেত্রিবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, ডাকসু ও হল সংসদের এসব কর্মকাণ্ডই হচ্ছে একটি ঐতিহ্য।

ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশিপ সেন্টারের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশিপ সেন্টারের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী গত ১১ সেপ্টেম্বর ২০১৯ উদ্‌যাপিত হয়েছে। এ উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র মিলনায়তনে এক অনুষ্ঠানে দিনব্যাপী এই কর্মসূচির উদ্বোধন করেন।

সেন্টারের নির্বাহী পরিচালক মো. রাশেদুর রহমানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান প্রধান অতিথি এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের সুপারনিউমারারি অধ্যাপক ড. খন্দকার বজলুল হক এবং উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. আব্দুল বাছির অনুষ্ঠানে বক্তৃতা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের শিল্পখাতসহ সার্বিক উন্নয়নে তরুণ শিক্ষার্থীদের সৃজনশীলতা ও উদ্ভাবনী শক্তিকে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন। বর্তমান যুগকে এন্ট্রাপ্রেনিউরশিপের যুগ হিসেবে বর্ণনা করে তিনি বলেন, বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন নতুন উদ্যোক্তা তৈরি করতে হবে। সফল উদ্যোক্তা হিসেবে প্রস্তুত হওয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। (২য় পৃষ্ঠায় দেখুন)

ডাকসু'র উদ্যোগে টিএসসিতে 'বঙ্গবন্ধু বইমেলা'

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)-এর উদ্যোগে গত ২৮ আগস্ট ২০১৯ টিএসসিতে ৪দিনব্যাপী 'বঙ্গবন্ধু বইমেলা' উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বন, পরিবেশ ও জলবায়ু বিষয়ক মন্ত্রী মো. শাহাব উদ্দীন, এমপি।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ পুস্তক সমিতির সভাপতি মো. আরিফ হোসেন ছোটন, অন্য প্রকাশনীর প্রধান নির্বাহী মাজহারুল ইসলাম, কলকাতার একটি প্রকাশনী সংস্থার সভাপতি ত্রিদিব চট্টোপাধ্যায়, ডাকসু'র জিএস গোলাম রব্বানী, এজিএস মো. সাদ্দাম হোসেন, সাহিত্য সম্পাদক মাজহারুল কবির শয়ন এবং সদস্য নিপু ইসলাম তন্বী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, ডাকসু'র উদ্যোগে বঙ্গবন্ধুর উপর প্রথমবারের মতো এই বইমেলা একটি ব্যতিক্রমী উদ্যোগ। এছাড়া, ডাকসু'র উদ্যোগে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সাংস্কৃতিক অনুষ্ঠান, খেলাধুলা, আলোচনা সভাসহ নানাবিধ আয়োজনের মাধ্যমে বঙ্গবন্ধুর প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করায় উপাচার্য ডাকসু'র নেতৃবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানান। শিক্ষার্থীরা এই বইমেলার মাধ্যমে বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন, আদর্শ ও দর্শন সম্পর্কে জানার সুযোগ পাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, বইমেলা ৩১ আগস্ট ২০১৯ পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত ছিল। মেলায় বঙ্গবন্ধুকে নিয়ে লেখা বই নিয়ে বিভিন্ন প্রকাশনী সংস্থার ৪২টি স্টল ছিল।

দু'দিনব্যাপী রোবট অলিম্পিয়াড অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক-এর যৌথ উদ্যোগে দু'দিনব্যাপী বাংলাদেশ রোবট অলিম্পিয়াড গত ৬ সেপ্টেম্বর ২০১৯ টিএসসি চত্বরে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অলিম্পিয়াড উদ্বোধন করেন।

রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. শামীম আহমেদ দেওয়ানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক এমপি প্রধান অতিথি এবং বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের সভাপতি অধ্যাপক ড. লাফিফা জামাল ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক-এর সাধারণ সম্পাদক মুনির হাসান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া, বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের প্রধান সমন্বয়কারী রেদওয়ান ফেরদৌস অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহ্‌মেদ পলক এমপি রোবটের যথাযথ ব্যবহারের মাধ্যমে দেশের শিক্ষা, স্বাস্থ্য ও কৃষি খাতের উন্নয়ন ঘটানোর জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগে একটি অত্যাধুনিক রোবটিক্স ল্যাব প্রতিষ্ঠার জন্য আর্থিক অনুদান প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নতুন নতুন বৈজ্ঞানিক আবিষ্কারের মাধ্যমে মানব সভ্যতার উন্নয়ন সাধনের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান। চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান মনস্কতা গড়ে তোলার উপর তিনি গুরুত্বারোপ করেন। বৈজ্ঞানিক অগ্রগতি অর্জনের পাশাপাশি মানবিক মূল্যবোধসম্পন্ন নাগরিক হিসেবে গড়ে ওঠার জন্য তিনি নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান। (৩য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি ১ম বর্ষ (সম্মান) শ্রেণী'র ভর্তি পরীক্ষা শুরু

'গ' ও 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'গ' ইউনিটের অধীনে ১ম বর্ষ বি.বি.এ. (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা গত ১৩ সেপ্টেম্বর ২০১৯ সকাল ১০টা থেকে ১১:৩০টা পর্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

উক্ত ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের মোট ৫৬টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এ বছর 'গ' ইউনিটে ১২৫০টি আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ২৯,০৫৮জন। (২য় পৃষ্ঠায় দেখুন)

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী, অবিভক্ত বাংলার মুখ্যমন্ত্রী এবং গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ১২৭তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে গত ০৮ সেপ্টেম্বর ২০১৯ তাঁর মাজারে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

রোকেয়া হলে 'শেখ কামাল স্মৃতি বিতর্ক প্রতিযোগিতা' ও 'সুলতানা কামাল স্মৃতি ক্রীড়া প্রতিযোগিতা'র উদ্বোধন

ঢাকা বিশ্ববিদ্যালয় রোকেয়া হলের উদ্যোগে দিনব্যাপী 'শেখ কামাল স্মৃতি বিতর্ক প্রতিযোগিতা' ও 'সুলতানা কামাল স্মৃতি ক্রীড়া প্রতিযোগিতা'র আয়োজন করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান হল প্রাঙ্গণে গত ৩০ আগস্ট ২০১৯ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হল প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিনাত হুদা এবং ডাকসু ও রোকেয়া হল সংসদের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতা শেষে হল মিলনায়তনে এক আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজবিজ্ঞান বিভাগের প্রবীণ অধ্যাপক কে এ এম সা'দ উদ্দিন এবং কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক শামসুজ্জামান খান।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত 'গ' ইউনিটের অধীনে ১ম বর্ষ বি.বি.এ. (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা গত ১৩ সেপ্টেম্বর ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের অধীনে ১ম বর্ষ বিএফএ (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) গত ১৪ সেপ্টেম্বর ২০১৯ অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান চারুকলা অনুষদের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগের শিক্ষার্থীদের স্বাস্থ্য বীমার আওতায় আনার উদ্দেশ্যে ক্রিমিনোলজি বিভাগ এবং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের মধ্যে গত ১২ সেপ্টেম্বর ২০১৯ একটি চুক্তি স্বাক্ষরিত হয়। বিভাগে অনুষ্ঠিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমান, বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ এবং প্রগতি লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মো. রফিকুল আলম ভূইয়াসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশিপ

(১ম পৃষ্ঠার পর) উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আরও বলেন, ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশিপ তিনটি ভিন্ন শব্দ। প্রত্যেকটার ভিন্ন ভিন্ন অর্থ আছে। এই তিনটি ভিন্ন বিষয়ের সম্মিলন বা মেলবন্ধনে কাজ করতে পারলে বাংলাদেশ অনেক দূর এগিয়ে যাবে। তিনি প্রত্যাশা ব্যক্ত করেন যে এই সেন্টারটি সেই কাজটি সফলভাবে করে যাবে।

জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান তাঁর বক্তব্যে বলেন, এই সেন্টার সত্যি সত্যি সৃষ্টিশীলতার পরিচয় দিয়েছে এবং এটি নিশ্চিতভাবে সামনে এগিয়ে যাবে। বিশ্ববিদ্যালয়ে গবেষণার মাধ্যমে নতুন নতুন জ্ঞান সৃষ্টি হয় এবং এই গবেষণা দ্বারা শিল্প প্রতিষ্ঠান লাভবান হয়। তিনি আশা প্রকাশ করে বলেন, এই সেন্টারের মাধ্যমেই বিশ্ববিদ্যালয় এবং শিল্প প্রতিষ্ঠানের মধ্যে সংযোগ তৈরি হবে।

ড. আতিউর রহমান বলেন, বিগত ১০ বছরে বাংলাদেশের অর্থনীতিতে উত্তরোত্তর উন্নতি পরিলক্ষিত হচ্ছে। এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আমাদের প্রয়োজন উদ্ভাবনে জোর দেয়া; আর এই উদ্ভাবনের চালকাশক্তি হবে বিশ্ববিদ্যালয়গুলো। সেক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এই প্রচেষ্টাকে তিনি স্বাগত জানিয়ে এর আগামী দিনের সফলতা প্রত্যাশা করেন।

এন্ট্রাপ্রেনিউরশীপ শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশীপ সেন্টার এবং বিজনেস স্টাডিজ অনুষদের যৌথ উদ্যোগে ড. আবদুল্লাহ ফারুক সভাকক্ষে গত ২ সেপ্টেম্বর ২০১৯ "Entrepreneurship in the 21st Century: Challenges and Opportunities for Emerging Economies" শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন চীনের মিচিগান বিশ্ববিদ্যালয়-সাংহাই জিয়াও টং বিশ্ববিদ্যালয় জয়েন্ট ইনস্টিটিউটের অধ্যাপক ড. প্রদীপ রায়।

সেমিনারে মডারেটর ছিলেন ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশীপ সেন্টারের নির্বাহী পরিচালক এবং অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের সহযোগী অধ্যাপক মো. রাশেদুর রহমান। এতে মিচিগান বিশ্ববিদ্যালয়-সাংহাই জিয়াও টং বিশ্ববিদ্যালয় জয়েন্ট ইনস্টিটিউটের অধ্যাপক ড. কুউই- ইয়ান তেহ এবং অধ্যাপক ড. সুং চালসহ বিভিন্ন বিভাগের প্রায় দেড় শতাধিক শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

'গ' ও 'চ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

(১ম পৃষ্ঠার পর)

'চ'-ইউনিটের ভর্তি পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে চারুকলা অনুষদভুক্ত 'চ' ইউনিটের অধীনে ১ম বর্ষ বিএফএ (সম্মান) শ্রেণীতে ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) গত ১৪ সেপ্টেম্বর ২০১৯ সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান চারুকলা অনুষদের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন এবং প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, উক্ত ভর্তি পরীক্ষা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১৯টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়। এ বছর চ-ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা ১৬,০০১জন।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দোয়া মাহ্ফিল ও আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদ গত ২৭ আগস্ট ২০১৯ অধ্যাপক ড. হাবিবুল্লাহ সম্মেলন কক্ষে এক দোয়া মাহ্ফিল ও আলোচনা সভার আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের সভাপতি অধ্যাপক ড. অসীম সরকারের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক এস এম বাহালুল মজনুন চুন্নু। এতে আরও বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের সাধারণ সম্পাদক মো. ইমাম হোসেন শেখ।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের সদস্যদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, এই দিনে আলোচনার মাধ্যমে জাতির জনককে শ্রদ্ধা জানানোর পাশাপাশি আমাদের জনকল্যাণমূলক কাজ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতিমধ্যে এ ধরনের কল্যাণধর্মী কাজের উদ্যোগ গ্রহণ করেছে উল্লেখ করে উপাচার্য বলেন, বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদকেও এক্ষেত্রে এগিয়ে আসতে হবে ।

ভাষাবিজ্ঞান বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের বিএ (সম্মান) ১ম বর্ষের শিক্ষার্থীদের নবীনবরণ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এম এ শ্রেণীর শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা গত ১ সেপ্টেম্বর ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. সালমা নাসরীনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন অধ্যাপক ড. সিকদার মনোয়ার মুর্শেদ ও বিভাগীয় ছাত্র উপদেষ্টা নায়রা খান।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবীন শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে এবং বিদায়ী শিক্ষার্থীদের ভবিষ্যৎ জীবনে সাফল্য কামনা করে বলেন, আমরা যে ভাষাই শিখি সেটা আমরা সাথে সাথে নিজেদের ভিতর মাতৃভাষায় অনুবাদ করে নেই। তাই মাতৃভাষার গুরুত্ব আমাদের কাছে সর্বাধিক। তিনি আরও বলেন, আমাদের মনে যে সকল কলুষতা ও দুর্বলতা আছে সেগুলো দূর করা গেলে আমাদের সমাজ অনেক সুন্দর হবে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ আমাদের সূর্য সন্তানদের আদর্শ ও দর্শনের কথা ধারণ করে দেশ ও সমাজের প্রতি নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিভাগের শিক্ষার্থীদের অংশগ্রহণে পরিবেশিত হয় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

ক্রিমিনোলজি বিভাগের নবীনবরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্রিমিনোলজি বিভাগের 'মাস্টার্স ইন ক্রিমিনোলজি এন্ড ক্রিমিনাল জাস্টিস'-এর ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থীদের নবীনবরণ ও মাস্টার্স ১ম ব্যাচের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান গত ৬ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের মুজাফ্ফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়। ক্রিমিনোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. জিয়া রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি ও ফারইস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শেখ কবির হোসেন এবং বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সদস্য অধ্যাপক ড. এম. শাহ্ নাওয়াজ আলি। এছাড়া, সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম।

উল্লেখ্য, বিভাগের প্রতিষ্ঠালগ্ন থেকেই এই মাস্টার্স প্রোগ্রামটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ফ্ল্যাগশিপ মাস্টার্স প্রোগ্রামে পরিণত হয়েছে। এই প্রোগ্রামে পুলিশ, গোয়েন্দা সংস্থা, সামরিক বাহিনী, সরকারি চাকুরিজীবী এবং সাংবাদিকসহ নানা পেশার উচ্চ পদস্থ কর্মকর্তারা ভর্তি হয়ে থাকেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

জাপানের মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদল

জাপানের মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কেনিচি ইটো-এর নেতৃত্বে দুই-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন মিজ সাজুরি ওগিনো।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ আনসারুল আলম এবং একই ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ড. মো. মনির উদ্দিন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউট এবং জাপানের মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে মতবিনিময় করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী বিনিময় নিয়েও সভায় ফলপ্রসূ আলোচনা হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সম্পর্কে অতিথিদের অবহিত করে বলেন, জাপান ও বাংলাদেশের মধ্যে দীর্ঘকাল ধরে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রয়েছে এবং বাংলাদেশের শিক্ষা ও আর্থ-সামাজিক উন্নয়নে জাপান গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা সংক্রান্ত অনেকগুলো সমঝোতা চুক্তি রয়েছে এবং এসব চুক্তির আওতায় নানাবিধ কার্যক্রম চলমান রয়েছে বলে উপাচার্য উল্লেখ করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণে আগ্রহ প্রকাশ করায় প্রতিনিধি দলকে আন্তরিক ধন্যবাদ জানান।

কোপেনহেগেন বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদল

ডেনমার্কের কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. পিটার কেজায়ের ম্যাকি জেনসেন-এর নেতৃত্বে তিন-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সাথে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক প্যাসকেল ম্যাগনুসেন ও অধ্যাপক মাইকেল আলিফ্রানজিস।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. আনোয়ারা বেগম উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ে পিএইচ.ডি. প্রোগ্রামে অংশগ্রহণ, তাদের গবেষণা কার্যক্রম তদারকি এবং যৌথভাবে পিএইচ.ডি. ডিগ্রী প্রদান সংক্রান্ত বিষয়াদি নিয়ে আলোচনা করেন। তাঁরা উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও বৃদ্ধি করার ব্যাপারেও মতবিনিময় করেন। কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পিএইচ.ডি. গবেষকদের গবেষণা কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। এসময় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সংক্ষিপ্তভাবে অতিথিদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও শিক্ষা কার্যক্রম অবহিত করেন।

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করায় কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদলকে আন্তরিক ধন্যবাদ জানান।

চীনের প্রতিনিধিদল

চীনের মিচিগান বিশ্ববিদ্যালয়-সাংহাই জিয়াও টং বিশ্ববিদ্যালয় জয়েন্ট ইনস্টিটিউটের অধ্যাপক ড. প্রদীপ রায়-এর নেতৃত্বে তিন-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ০২ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন অধ্যাপক ড. কুউই-ইয়ান তেহ্ এবং অধ্যাপক ড. সুং চাল।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশীপ সেন্টারের পরিচালক ও অর্গ্যানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের সহযোগী অধ্যাপক মো. রাশেদুর রহমান এবং ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস্ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. রাকিবুল হক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড এন্ট্রাপ্রেনিউরশীপ সেন্টার এবং মিচিগান বিশ্ববিদ্যালয়-সাংহাই জিয়াও টং বিশ্ববিদ্যালয় জয়েন্ট ইনস্টিটিউটের মধ্যে সংশ্লিষ্ট ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির ব্যাপারে তারা মতবিনিময় করেন। চীনা প্রতিনিধি দল ইনোভেশন এবং এন্ট্রাপ্রেনিউরশীপ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে আন্তরিকভাবে কাজ করার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করেন। এ ব্যাপারে তারা উপাচার্যের সহযোগিতা কামনা করেন। তারা উভয় প্রতিষ্ঠানের মধ্যে এ সংক্রান্ত একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের সম্ভাব্যতা নিয়েও ফলপ্রসু আলোচনা করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ সহযোগিতামূলক শিক্ষা কার্যক্রম গ্রহণে আগ্রহ প্রকাশ করায় প্রতিনিধি দলকে আন্তরিক ধন্যবাদ জানান।

চীনের মিচিগান বিশ্ববিদ্যালয়-সাংহাই জিয়াও টং বিশ্ববিদ্যালয় জয়েন্ট ইনস্টিটিউটের অধ্যাপক ড. প্রদীপ রায়-এর নেতৃত্বে তিন-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ০২ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন অধ্যাপক ড. কুউই-ইয়ান তেহ্ এবং অধ্যাপক ড. সুং চাল।

জাপানের মিয়াজাকি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. কেনিচি ইটো-এর নেতৃত্বে দুই-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের অন্য সদস্য হলেন মিজ সাজুরি ওগিনো।

ডেনমার্কের কোপেনহেগেন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. পিটার কেজায়ের ম্যাকি জেনসেন-এর নেতৃত্বে তিন-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ০৩ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক প্যাসকেল ম্যাগনুসেন ও অধ্যাপক মাইকেল আলিফ্রানজিস।

দু'দিনব্যাপী রোবট অলিম্পিয়াড অনুষ্ঠিত

(১ম পৃষ্ঠার পর)

সমাপনী অনুষ্ঠান

দু'দিনব্যাপী বাংলাদেশ রোবট অলিম্পিয়াড গত ৭ সেপ্টেম্বর ২০১৯ টিএসসি চত্বরে সমাপ্ত হয়েছে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি এবং বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. শামীম আহমেদ দেওয়ানের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ রোবট অলিম্পিয়াডের সভাপতি অধ্যাপক ড. লাফিফা জামাল ও বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক-এর সাধারণ সম্পাদক মুনীর হাসান।

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি শিক্ষার্থীদের রোবটিক্স বিষয়ে জ্ঞান অর্জনের উপর গুরত্বারোপ করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার যুগোপযোগী সিদ্ধান্তের ফলেই বছরের প্রথম দিনে শিশুদের হাতে বিনামূল্যে বই তুলে দেওয়া, বিনা বেতনে শিক্ষাদান, বিনামূল্যে টিফিন প্রদান, স্কুল পর্যায় থেকে কম্পিউটার শিক্ষার সুযোগ করে দেওয়া, শিক্ষাখাতে ডিজিটালাইজেশনসহ বিভিন্নভাবে শিক্ষাখাতে দেশের ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে।

বিশেষ অতিথির বক্তব্যে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ রোবট অলিম্পিয়াডে অংশগ্রহণকারী ক্ষুদে বিজ্ঞানী ও বিজয়ীদের আন্তরিক অভিনন্দন জানান। তিনি বলেন, এই অলিম্পিয়াডে অংশগ্রহণকারী সবাই আবিস্কারের সাথে সম্পৃক্ত এবং প্রাচীনকাল থেকে আবিস্কারের মধ্য দিয়েই পৃথিবী এগিয়ে যাচ্ছে। তিনি আবিস্কারের পাশাপাশি সৃষ্টিশীল চিন্তা করাসহ সৎ এবং মানবিক মূল্যবোধসম্পন্ন মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য ক্ষুদে বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রায় ৪শ' জন শিক্ষার্থী এই রোবট অলিম্পিয়াডে অংশগ্রহণ করে।

রোগীর তথ্য অধিকার শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ৮ সেপ্টেম্বর ২০১৯ লেকচার থিয়েটার ভবনস্থ কেন্দ্রের মমতাজুর রহমান তরফদার সভাকক্ষে 'বাংলাদেশের প্রেক্ষাপটে রোগীর তথ্য অধিকার : একটি পর্যালোচনা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের সাবেক অধ্যাপক রাশিদা আখতার খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে যৌথভাবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অধ্যাপক ড. ফরিদ আহমেদ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের সহকারী অধ্যাপক সোচনা শোভা। প্রবন্ধের উপর আলোচনায় অংশগ্রহণ করেন ঢাবি দর্শন বিভাগের অধ্যাপক ড. নাইমা হক। অনুষ্ঠান সঞ্চালন করেন কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. এম. মতিউর রহমান।

মূল প্রবন্ধে বক্তাদ্বয় বাংলাদেশের রোগীদের স্বার্থ সংরক্ষণে ও সৎ চিকিৎসকদের অনুপ্রেরণা দিতে আইনগত ব্যবস্থা হিসেবে রোগীর তথ্য অধিকার সংরক্ষণের আলাদা ব্যবস্থা নেয়ার উপর গুরুত্বারোপ করে বলেন, বাংলাদেশের প্রেক্ষাপটে রোগীর তথ্য অধিকার এখনও একটি অস্পষ্ট বিষয়। রোগীর মর্যাদা ও অন্যান্য অধিকার যাতে লঙ্ঘিত না হয় সেদিকে চিকিৎসকদের খেয়াল রাখতে হবে। রোগীদের জন্য তথ্য-আইন হলে এই পরিস্থিতির উন্নতি হতে পারে।

উচ্চতর মানববিদ্যা গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ৮ সেপ্টেম্বর ২০১৯ কেন্দ্রের সেমিনার কক্ষে 'বাংলাদেশের প্রেক্ষাপটে রোগীর তথ্য অধিকার: একটি পর্যালোচনা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। অধ্যাপক রাশিদা আখতার খানমের সভাপতিত্বে অনুষ্ঠানে যৌথভাবে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের অধ্যাপক ড. ফরিদ আহমেদ ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগের সহকারী অধ্যাপক সোচনা শোভা।

প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি বিষয়ক সম্মেলন

বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি-এর উদ্যোগে "Plant Tissue Culture & Biotechnology" শীর্ষক দিনব্যাপী বার্ষিক সম্মেলন গত ৩১ আগস্ট ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান বিভাগ মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি'র সভাপতি অধ্যাপক ড. রাখহরি সরকারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ও বাংলাদেশ সুগারক্রপ রিসার্চ ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. আমজাদ হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাংলাদেশ এসোসিয়েশন ফর প্ল্যান্ট টিস্যু কালচার এন্ড বায়োটেকনোলজি'র সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মিহির লাল সাহা ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান দেশের কৃষিখাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালনের জন্য গবেষকদের প্রতি আহ্বান জানান। জীববৈচিত্র্য সংরক্ষণের ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, জীববিজ্ঞান গবেষণার ক্ষেত্রে ঝুঁকি প্রশমনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। উপাচার্য শোকের মাসে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের শিক্ষাবিদ ও গবেষকগণ এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

ডিউক অব এডিনবার্গস্ ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড-এর ১০ম প্রতিষ্ঠাবার্ষিকী গত ৫ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ছবিতে অতিথিদের সাথে অ্যাওয়ার্ডপ্রাপ্তদের দেখা যাচ্ছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের তত্ত্বাবধানে পরিচালিত 'শিশু দিবাযত্ন কেন্দ্র'-এর আনুষ্ঠিক উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম। এসময় বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

'লিঙ্গ বৈচিত্র্যের বয়ান' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন

ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. জোবাইদা নাসরীন রচিত 'লিঙ্গ বৈচিত্র্যের বয়ান' শীর্ষক গবেষণামূলক বইয়ের মোড়ক উন্মোচন করা হয়েছে। বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল আর. মিলার গত ৪ সেপ্টেম্বর ২০১৯ অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই গ্রন্থের মোড়ক উন্মোচন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় নৃবিজ্ঞান বিভাগ, ঢাকাস্থ আমেরিকান সেন্টার এবং ইএমকে সেন্টার যৌথভাবে এই অনুষ্ঠান আয়োজন করে ।

নৃবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. ফারহানা বেগমের সভাপতিত্বে মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

মার্কিন রাষ্ট্রদূত আর্ল আর. মিলার বলেন, বিশ্বের সর্বত্রই তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী স্বাভাবিক জীবন-যাপনে বাধাগ্রস্থ হয়। তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীকে সমাজের মূল ধারায় সম্পৃক্ত করার উপর গুরুত্বারোপ করে তিনি বলেন, এই জনগোষ্ঠীর মতামতকে গুরুত্ব দিতে হবে এবং তাদের সামাজিক চাহিদা পূরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।

প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীকে সামাজিক মর্যাদা প্রদানের উপর গুরুত্বারোপ করে বলেন, এক্ষেত্রে কোন বৈষম্য কাম্য নয়। তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীকে সমাজের সর্বক্ষেত্রে সহজভাবে গ্রহণ করতে হবে। এ জন্য সাধারণ মানুষের মানসিকতায় পরিবর্তন দরকার বলে তিনি মন্তব্য করেন।

আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০১৯-২০ এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২ সেপ্টেম্বর ২০১৯ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান লেখাপড়ার পাশাপাশি খেলাধূলা ও সাংস্কৃতিক কর্মকান্ডে সম্পৃক্ত হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহবান জানান। তিনি বলেন, প্রতিষ্ঠালগ্ন থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে খেলাধূলার প্রচলন ছিল। এর মাধ্যমে মানবিক গুণাবলী অর্জন করা সম্ভব। হলের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব হচ্ছে সহ-শিক্ষা কার্যক্রমে বিশেষ করে খেলাধূলায় শিক্ষার্থীদের অনুপ্রেরণা দেয়া।

ঢাকা বিশ্ববিদ্যালয় ফুটবল কমিটির সভাপতি অধ্যাপক ড. শাহ্ মো. মাসুমের সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বক্তব্য রাখেন শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদষ্টা অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন এবং ডাকসু'র ক্রীড়া সম্পাদক শাকিল আহমেদ তানভীর। এসময় বিভিন্ন হলের প্রভোষ্ট, আবাসিক শিক্ষক, ডাকসু'র অন্যান্য নেতৃবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ এবং কেন্দ্রের পরিচালক মো. শাহজাহান আলীসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ এবং তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের মধ্যে উদ্বোধনী খেলা অনুষ্ঠিত হয়।

'বিজয় একাত্তর হল ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ৮ সেপ্টেম্বর ২০১৯ 'বিজয় একাত্তর হল ট্রাস্ট ফান্ড' প্রতিষ্ঠা করা হয়েছে। এ উপলক্ষ্যে বিজয় একাত্তর হলের প্রভোস্ট অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া ৮০ লাখ টাকার একটি চেক বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন। হলের বিভিন্ন অভ্যন্তরীণ খাত থেকে এই অর্থ সংগ্রহ করা হয়।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, হলের আবাসিক শিক্ষকবৃন্দ এবং হল সংসদের সাধারণ সম্পাদক নাজমুল হাসান নিশানসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন ।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় বিজয় একাত্তর হলের শিক্ষার্থীদের প্রভোস্ট গোল্ড মেডেল, প্রভোস্ট অ্যাওয়ার্ড এবং মেধাবৃত্তি প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার জন্য হলের প্রভোস্টকে ধন্যবাদ জানান। এর মাধ্যমে হলের ছাত্ররা উপকৃত হবে এবং লেখাপড়ায় আরও উৎসাহিত ও মনোযোগী হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিজয় একাত্তর হলের প্রথম প্রভোস্ট হিসেবে অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়াকে এই ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠার জন্য আন্তরিক ধন্যবাদ জানান।

৫ শিক্ষার্থীর 'অধ্যাপক মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ

বিএস সম্মান এবং এমএস পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ লাভ করায় ঢাকা বিশ্ববিদ্যালয় মৎস্যবিজ্ঞান বিভাগের ২জন মেধাবী শিক্ষার্থীকে 'অধ্যাপক মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড বৃত্তি' প্রদান করা হয়েছে। এছাড়া, বিভাগের ৩জন শিক্ষার্থী 'আমেনা-লতিফ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ করেছেন। গত ৮ সেপ্টেম্বর ২০১৯ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক ও সনদপত্র তুলে দেন।

বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. গোলাম রব্বানীর সভাপতিত্বে অনুষ্ঠানে জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধ সম্পন্ন ভাল মানুষ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। উপাচার্য দেশের মৎস্যবিজ্ঞান শিক্ষা ও গবেষণার উন্নয়নে অনন্য অবদানের জন্য ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক মোহাম্মদ শফিকে ধন্যবাদ দেন।

অধ্যাপক মোহাম্মদ শফি ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো. মোস্তভি ইনান ঈষিক (এমএস) এবং শাওন আহম্মেদ (বিএস)। আমেনা-লতিফ মেমোরিয়াল ট্রাস্ট ফান্ড বৃত্তিপ্রাপ্তরা হলেন- মোছাঃ নিলুফা ইয়াসমিন, মোঃ শাফিউজ্জামান এবং রোকেয়া আক্তার।

অধ্যাপক ড. কানিজ-ই-বাতুল স্মারক বৃত্তি প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় উর্দু বিভাগের সাবেক অধ্যাপক ড. কানিজ-ই-বাতুল স্মারক বৃত্তি প্রদান অনুষ্ঠান গত ৪ সেপ্টেম্বর ২০১৯ বিভাগে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় শিক্ষক হুসাইনুল বান্নার সভাপতিত্বে অনুষ্ঠানে ড. কানিজ-ই-বাতুলের পরিবারের সদস্য সৈয়দ আহমেদ আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃত্তির চেক প্রদান করেন।

বৃত্তিপ্রাপ্তরা হলেন- মোঃ আব্দুর রহীম, মোঃ সিরাজুল ইসলাম ও মোছাঃ রহিমা আক্তার।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে ড. কানিজ-ই-বাতুলের জীবন ও কর্মের উপর স্মৃতিচারণ করেন অধ্যাপক ড. মোঃ মাহমুদুল ইসলাম, অধ্যাপক ড. মুহাম্মদ গোলাম রব্বানী, অধ্যাপক ড. মোঃ ইস্রাফীল, ড. মোঃ রেজাউল করিম, হাফসা আক্তার প্রমুখ।

উল্লেখ্য, ড. কানিজ-ই-বাতুল ৬ জুলাই ২০১৫ ইন্তেকাল করেন। ড. কানিজ-ই-বাতুল মারা যাওয়ার পর তার পক্ষ থেকে তার ভাই তাকী মুহাম্মদ বুড্ডান ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যাপক ড. কানিজ-ই-বাতুল স্মারক বৃত্তি প্রদানের জন্য ১০ লক্ষ টাকা প্রদান করেন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫